

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, গাজীপুর
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.gazipur.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩০০.০১৪.০৮.০০১.২০০৭-৬৫২

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১
২৭ আগস্ট ২০২৪

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের রাজনৈতিক-৪ শাখা হতে ২৫ আগস্ট ২০২৪ খ্রি. তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের নির্দেশনার আলোকে বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত ব্যক্তিগত নিরাপত্তার জন্য গাজীপুর জেলা ম্যাজিস্ট্রেট হতে যে সমস্ত আগ্নেয়াস্ত্র লাইসেন্স (কর্মরত সামরিক-অসামরিক কর্মকর্তা ব্যতীত) প্রদান করা হয়েছে তাদের প্রদানকৃত লাইসেন্স স্থগিত করা হলো। স্থগিতকৃত লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সমূহ আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রি. তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে/মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। উক্ত তারিখের মধ্যে কোন অস্ত্র/গোলবারুদ থানায় জমা না দেওয়া হলে অবৈধ অস্ত্র হিসেবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে। ইতোমধ্যে যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা ট্রেজারী ও আর্মস ডিলারদের নিকট জমা রাখা আছে; তাদের ক্ষেত্রে অস্ত্র জমাদানের বিষয়টি প্রযোজ্য হবে না।

০২। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে The Arms Act, 1878 (Act XI of 1878) এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

মোঃ ওয়াহিদ হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)
গাজীপুর

ফোন : ০২-৪৯২৭৩০৭০

ফ্যাক্স : ০২-৪৯২৭৩০২২

E-mail : dcgazipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩০০.০১৪.০৮.০০১.২০০৭-৬৫২

তারিখ: ১২ ভাদ্র ১৪৩১
২৭ আগস্ট ২০২৪

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ০৩। পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর
- ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
- ০৫। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট..... (সকল)
- ০৬। পুলিশ সুপার, গাজীপুর
- ০৭। অধিনায়ক, বর্ডার গার্ড বাংলাদেশ (৬৩ বিজিবি), গাজীপুর
- ০৮। অধিনায়ক, ডিজিএফআই, রাজেন্দ্রপুর সেনানিবাস, গাজীপুর
- ০৯। যুগ্ম পরিচালক, এন. এস. আই., গাজীপুর
- ১০। কোম্পানী কমান্ডার, পোড়াবাড়ী র‍্যাভ ক্যাম্প, গাজীপুর
- ১১। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ডিডিপি, গাজীপুর
- ১২। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), গাজীপুর (গণবিজ্ঞপ্তি উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশসহ বহুল প্রচারের অনুরোধসহ)
- ১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর (গণবিজ্ঞপ্তি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য)
- ১৪। জেলা তথ্য অফিসার, গাজীপুর (গণবিজ্ঞপ্তি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৫। অফিসার ইনচার্জ, গাজীপুর সদর/বাসন/টংগী-পশ্চিম/টংগী-পূর্ব/কাশিমপুর/গাছা/পুর্বাইল থানা, জিএমপি, গাজীপুর/ কাপাসিয়া থানা/ শ্রীপুর থানা/জয়দেবপুর থানা/কালীগঞ্জ থানা/কালিয়াকৈর থানা, গাজীপুর (গণবিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)
- ১৬। সভাপতি/সেক্রেটারি, প্রেসক্লাব, গাজীপুর (গণবিজ্ঞপ্তি সৌজন্যমূলক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)
- ১৭। অফিস কপি

জেলা ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত)
গাজীপুর